



নাহিদ ইসলামের বাসায় তারেক রহমানের সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামের বাসভবনে গেছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। রোববার (১৫ ফেব্রুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে তিনি সেখানে পৌঁছে সৌজন্য সাক্ষাৎ করেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

এই বৈঠকে তারেক রহমানের সঙ্গে উপস্থিত ছিলেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। অন্যদিকে এনসিপির পক্ষে সদস্য সচিব আখতার এবং উত্তরাঞ্চলের প্রধান সমন্বয়ক সারজিস আলম উপস্থিত ছিলেন।

এর আগে একই দিন সন্ধ্যায় জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের বাসায়ও যান বিএনপি চেয়ারম্যান। বিএনপির ভেরিফায়েড ফেসবুক পেজে জানানো হয়, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পর ইতিবাচক রাজনৈতিক পরিবেশ গড়ে তোলার অংশ হিসেবেই এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় জামায়াত আমিরের বাসভবনে এ সাক্ষাৎ হয় বলে পোস্টে উল্লেখ করা হয়।

নির্বাচন-পরবর্তী পরিস্থিতিতে বিএনপি ও জামায়াত—উভয় দলই সহনশীল ও গঠনমূলক রাজনীতির বার্তা দিয়ে আসছে। রাজনৈতিক মহল মনে করছে, সাম্প্রতিক এসব সাক্ষাৎ সেই ধারাবাহিকতারই ইঙ্গিত বহন করছে।